

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের পাল্টাপাল্টা কমিটি, উত্তেজনা

কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও ব্যবসায় শিক্ষা অনুষদ শাখায় পাল্টাপাল্টা কমিটি ঘোষণা করেছে ছাত্রলীগের দুই পক্ষ। তিন দিনের ব্যবধানে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়ক পাল্টাপাল্টা দুটি কমিটি ঘোষণা করেন। এ ঘটনায় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। এদিকে বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কর্মসভায় যোগ দিতে আজ ক্যাম্পাসে আসছেন কেন্দ্রীয় নেতারা।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের আহ্বায়ক মাহমুদুর রহমান মাসুম তিন মাসের জন্য গত ৭ এপ্রিল ব্যবসায় শিক্ষা অনুষদ এবং ৮ এপ্রিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগের ৫১ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা করেন। দুটি কমিটিতেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগের আহ্বায়ক আল আমিন অর্পব এবং সৈয়দ শাহরিয়া মাহমুদের অনুসারীরা। পরে আল আমিন অর্পব ও সৈয়দ শাহরিয়া মাহমুদ গতকাল শুক্রবার দুটি হল এবং চারটি অনুষদে এক বছরের জন্য কমিটি ঘোষণা করেন। ঘোষিত কমিটিগুলো হলো ৭১ সদস্যবিশিষ্ট শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বিজ্ঞান অনুষদ, কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ এবং ৫১ সদস্যবিশিষ্ট ব্যবসায় শিক্ষা অনুষদ কমিটি।

ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের তথ্য ও গবেষণা সম্পাদক এরশাদুর রহমান চৌধুরী বলেন, ইচ্ছা করলেই যুগ্ম আহ্বায়করা কমিটি ঘোষণা করতে পারেন না।